ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের ক্ষতিগ্রস্তদের (ডিপো এরিয়া ব্যতীত) জন্য পুনর্বাসন কর্ম-পরিকল্পনা, ক্ষতিপূরণ ও পুনর্বাসন সম্পর্কীয় তথ্য ও করণীয়।

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (MRT Line-6) ক্ষতিগ্রস্তদের জন্য (ডিপো এরিয়া ব্যতীত) ক্ষতিপূরণ ও পুনর্বাসন পুস্তিকা

জানুয়ারি, ২০১৭

প্রকাশনায় :
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন (১৪তলা)
ইস্কাটন গার্ডেন রোড
ঢাকা-১০০০।

সহযোগিতায় :
রিসেটেলমেন্ট এসিস্ট্যান্স কনসালটেন্ট (আরএসি)
খ্রীষ্টিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ (সিসিডিবি)
৮৮, সেনপাড়া পর্বতা, মিরপুর-১০, ঢাকা-১২১৬।

পরামর্শক্রমে :
জেনারেল কনসালটেন্ট (জিসি)
এন কে ডি এম এসোসিয়েশন
বাড়ী নং-৮বি, রোড নং-২৯
গুলশান-১, ঢাকা।

প্রকাশকাল: জানুয়ারি, ২০১৭

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (MRT Line-6) ক্ষতিগ্রস্তদের জন্য (ডিপো এরিয়া ব্যতীত) পুনর্বাসন পুস্তিকা

জানুয়ারি, ২০১৭

সূচিপত্র

০১। ভূমিকা	১
০২। প্রকল্পের প্রয়োজনীয় তথ্যাদি	২
০৩। প্রকল্পের ভূমি বরাদ্দের/অধিগ্রহণের তথ্য	৩
০৪। প্রকল্পের সম্ভাব্য ক্ষয়-ক্ষতি ও কাট অব ডেট (Cut off Date)	৩
০৫। RAP এর লক্ষ্য ও উদ্দেশ্য	৫
০৬। ক্ষয়-ক্ষতি নিরসনে গৃহীত পদক্ষেপসমূহ	৫
০৭। পুনর্বাসন কর্ম-পরিকল্পনা-II (Resettlement Action Plan-II অথবা RAP-II)	৫
০৮। সহায়তাকারী সংস্থাসমূহ	৬
০৯। ক্ষতিপূরণ পাবার যোগ্যতা/শর্ত	৬
১০। ক্ষতিগ্রস্তদের জন্য ক্ষতিপূরণ সহায়তা	৭
১১। পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি	২৩
১২। পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা	২৪
১৩। ক্ষতিগ্রস্ত অভিযোগকারীর অভিযোগ নিরসন পদ্ধতি	২৮
১৪। প্রাপ্যযোগ্য ক্ষতিগ্রস্তদের জন্য জ্ঞাতব্য	৩০
১৫। ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের জন্য প্রণীত আইন	৩০

Acronyms

CCDB-Christian Commission for Development in Bangladesh
CMV-Current Market Value
DC-Deputy Commissioner
DGM-Deputy General Manager
DMRTDP-Dhaka Mass Rapid Transit Development Project
ECNEC- Executive Committee of the National Economic Council
EC-Entitlement Card
EP-Entitled Person
GRC-Grievance Redress Committee
JICA-Japan International Cooperation Agency
JVC-Joint Verification Committee
MD-Managing Director
MSC-Milestone School and College
NHA-National Housing Authority
NKDM-NKDM Association.
PAPs- Project Affected Person
PD-Project Director
PVAC- Property Value Assessment Committee
PWD- Public Works Department
RAC-Resettlement Assistance Consultant
RAP-Resettlement Action Plan
RV-Replacement Value
SES-Socio-Economic Survey
SRG-Structure Reconstruction Grant
URG-Utility Relocation Grant
STG-Structure Transfer Grant

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের ক্ষতিগ্রস্তদের (ডিপো এরিয়া ব্যতীত) জন্য পুনর্বাসন কর্ম-পরিকল্পনা, ক্ষতিপূরণ ও পুনর্বাসন সম্পর্কীয় তথ্য ও করণীয়।

০১। ভূমিকা

বিশ্ব ব্যাংকের সহযোগিতায় বাংলাদেশ সরকার ২০০5 সালে ঢাকা শহরের জন্য একটি কৌশলগত পরিবহন পরিকল্পনা (এসটিপি) প্রণয়ন করেছে। এসটিপিতে দ্রুত পরিবহনের সাংগঠনিক কাঠামো ও প্রকল্প বাস্তবায়নের পদ্ধতিসহ প্রধান কৌশলগত বিষয় বর্ণনা করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে ২০০৮ সালের ডিসেম্বরে বাংলাদেশ সরকার, জাইকা ও সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার আলোচনার ভিত্তিতে "ঢাকা আরবান ট্রান্সপোর্ট নেটওয়ার্ক ডেভেলপমেন্ট স্টাডি" নামে প্রাথমিক সার্ভে সম্পন্ন করে। গবেষণায় শীর্ষ অগ্রাধিকার তালিকায় এমআরটি লাইন-৬ বাস্তবায়নের সুপারিশ করা হয়। এমআরটি লাইন-৬ বাস্তবায়নের লক্ষ্যে একনেক (ECNEC) ১৮.১২.২০১২ তারিখে এই প্রকল্প অনুমোদন করে। সরকার ২০.০২.২০১৩ তারিখে জাইকার সঙ্গে একটি ঋণ চুক্তি স্বাক্ষর করে।

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রকল্পের (DMRTDP) অধীনে এমআরটি লাইন-৬ বাস্তবায়িত হচ্ছে। GoB এর পক্ষ থেকে ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ এই প্রকল্পের নিয়ন্ত্রক সংস্থা। এই প্রকল্পের বাস্তবায়নের জন্য ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি (DMTC) ৩ জুন, ২০১৩ তারিখে গঠন করা হয়েছে। প্রকল্পের প্রাক্কলিত মোট খরচ ২১,৯৮৫.০ কোটি টাকা যা বাংলাদেশ সরকার এবং জাইকা যথাক্রমে প্রায় ২৪.৫২ শতাংশ এবং ৭৫.৪৮ শতাংশ অনুপাতে অর্থায়ন করবে। প্রকল্পের লক্ষ্য প্রথমবারের মত এলিভেটেড মেট্রো রেল ব্যবস্থার মাধ্যমে ঢাকা শহরের গণপরিবহন ব্যবস্থার উন্নতি সাধন করা। MRT Line-6 নির্মাণে নিম্ন- লিখিত বিষয়সমূহ গুরুত্বপূর্ণ:

১। সিটি কর্পোরেশনের রাস্তার উপরে কমপক্ষে ১৩ মিটার উচ্চতায় ১৬টি স্টেশনসহ ২০ কি.মি. এলিভেটেড রেললাইন নির্মাণ এবং রেললাইনের উত্তর ও দক্ষিণ প্রান্তের শেষে দুইটি বিদুৎ উপকেন্দ্র নির্মাণ;
২। ডিপোর জন্য ২টি, ইলেকট্রিক্যাল সিস্টেমের জন্য ১টি, রোলিং স্টক এর জন্য ১টি এবং লাইন নির্মাণের জন্য ৪টি কনস্ট্রাকশন প্যাকেজে কাজ সম্পন্ন করা হবে।
৩। ৪ টি কনট্রাকশন ইয়ার্ড নির্মাণ।
৪। এমআরটি লাইন-৬ পরিচালনার জন্য সকল প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য ডিপো নির্মাণ

এটা লক্ষণীয় যে, সমগ্র এলিভেটেড রেললাইন সিটি কর্পোরেশনের বর্তমান সড়কের উপরে কমপক্ষে ১৩ মিটার উচ্চতায় নির্মাণ করা হবে। প্রকল্পের কাজের জন্য নির্বাচিত সকল বিষয় সরকারি ভূমির উপর হবে এবং এ পর্যন্ত কোন ব্যক্তি মালিকানা জমি অধিগ্রহণ করা হয়নি। প্রকল্পের জন্য দুইটি র‍্যাপ (RAP) হয়েছে; ১. ডিপো এলাকার ক্ষতিগ্রস্তদের জন্য; এবং ২. ডিপো এরিয়া ব্যতীত ১৬ স্টেশন, RoW, সাব-স্টেশন ও কনষ্ট্রাকশন ইয়ার্ডের ক্ষতিগ্রস্তদের জন্য।

এমআরটি লাইন-৬ এর দৈর্ঘ্য ২০ কিমি. এবং মোট স্টেশন ১৬টি। এই রেললাইন উত্তরা তৃতীয় ফেইজ থেকে শুরু হয়ে পল্লবী-মিরপুর-১০-কাজীপাড়া-শেওড়াপাড়া-আগারগাঁও-ফার্মগেট-শাহবাগ-ঢাকা বিশ্ববিদ্যালয়-বাংলাদেশ সচিবালয় হয়ে বাংলাদেশ ব্যাংক (মতিঝিল) পর্যন্ত গিয়ে শেষ হবে। তাছাড়া, এমআরটি লাইন-৬ চালু হলে প্রতি ঘণ্টায় উভয়দিকে প্রায় ৬০ হাজার যাত্রী বহন করতে পারবে যা শহরের যানজট কার্যকরভাবে কমিয়ে আনতে পারবে। এর ফলে সড়কে যানবাহনের সংখ্যা কমে যাবে এবং বায়ুতে কার্বন নিঃসরণের পরিমাণ উল্লেখযোগ্য হারে কমবে। এই রেললাইন নাগরিকদের তুলনামূলকভাবে দ্রুত ও নিরাপদ ভ্রমণে সহায়তা করবে এবং সামগ্রিক উন্নয়নের সহায়ক পরিস্থিতি সৃষ্টিতে অবদান রাখবে।

০২। প্রকল্পের প্রয়োজনীয় তথ্যাদি

প্রকল্পের নাম	: ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (DMRTDP)
প্রকল্প বাস্তবায়নকারী	: ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড
মন্ত্রণালয়ের নাম	: সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বিভাগ	: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
নিয়ন্ত্রণকারী সংস্থা	: ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ)
প্রকল্প ব্যয়	: ২১,৯৮৫.০৭ কোটি টাকা (প্রকল্প সাহায্য ১৬,৫৯৪.৫৯ ও জিওবি ৫,৩৯০.৪৮ কোটি টাকা)
অর্থায়ন	: বাংলাদেশ সরকার ও Japan International Cooperation Agency (JICA)
মেট্রোরেলের দৈর্ঘ্য	: ২০ কিলোমিটার
অবকাঠামোর ধরন	: এলিভেটেড
রুট এলাইনমেন্ট	: উত্তরা তৃতীয় ফেইজ-পল্লবী-মিরপুর-১০-কাজীপাড়া-শেওড়াপাড়া-আগারগাঁও-খামারবাড়ী হয়ে ফার্মগেট-হোটেল সোনারগাঁও-শাহবাগ-টিএসসি-দোয়েল চত্বর-প্রেসক্লাব-বাংলাদেশ ব্যাংক পর্যন্ত।
স্টেশনের সংখ্যা	: ১৬টি
স্টেশনের নাম	: উত্তরা উত্তর, উত্তরা সেন্টার, উত্তরা দক্ষিণ, পল্লবী, মিরপুর-১১, মিরপুর-১০, কাজীপাড়া, শেওড়াপাড়া, আগারগাঁও, বিজয় সরণি, ফার্মগেট, কারওয়ান বাজার, শাহবাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ সচিবালয় এবং মতিঝিল।
যাত্রী পরিবহনের ক্ষমতা	: প্রতিঘন্টায় উভয় দিকে প্রায় ৬০ হাজার
যাতায়াতের সময়	: ৩৮মিনিট (উত্তরা থেকে মতিঝিল)
ট্রেনের সময়	: ৪.৫ মিনিট (দুইটি ট্রেনের মধ্যে সময়)
মেট্রোরেলের যাত্রা শুরু	: ২০১৯ সাল
প্রকল্পের সময়কাল	: জুলাই ২০১২-জুন ২০২৪
মেট্রোরেল পরিচালনায়	: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)

০৩। প্রকল্পের ভূমি বরাদ্দের/অধিগ্রহণের তথ্য

DMRTDP সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হল যে, এখন পর্যন্ত এই প্রকল্পে কোন ব্যক্তিমালিকানাধীন জমি অধিগ্রহণ করা হয়নি। ডিপো নির্মাণ, ২০ কিমি এলিভেটেড রেল ট্র্যাক এবং ১৬টি স্টেশনের সকল নির্মাণ কার্যক্রম বর্তমান সড়ক ও ফুটপাথের উপর হবে। কনস্ট্রাকশন ইয়ার্ডও সরকারি জমির উপর হবে। তবে, ভবিষ্যতে যদি জমি অধিগ্রহণ দরকার হয়, সেক্ষেত্রে এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্সে উল্লিখিত জমি অধিগ্রহণের পদ্ধতি অনুসারে ক্ষতিপূরণ দেয়া হবে।

ডিপো এরিয়া	ডিপো নির্মাণের জন্য প্রয়োজনীয় ২৩.৮৪ হেক্টর (৫৮.৯১ একর) জমি রাজউক হতে বরাদ্দ নেয়া হয়েছে। DMRTDP ইতোমধ্যে জমির মূল্য পরিশোধ করেছে এবং জমির দখল নিয়েছে।
RoW এবং ১৬টি স্টেশনের পিয়ার এবং এস্কেলেটরস	প্রয়োজনীয় জমির পরিমান ৪.৯ একর, যা রাস্তা এবং ফুটপাথের উপরে। কোন ব্যক্তিমালিকাধীন জমি অধিগ্রহণ হয়নি। RoW এবং ১৬টি স্টেশনের পোর্টাল পিয়ার এবং এস্কেলেটরস রাস্তা এবং ফুটপাথের উপর নির্মাণ করা হবে।
কনস্ট্রাকশন ইয়ার্ড এবং রিসিভিং উপকেন্দ্র	কনস্ট্রাকশন ইয়াড এর জন্য ৪টি স্থান চিহ্নিত করা হয়েছে যেগুলোর ভূমির মালিকানা সরকারি সংস্থার। সম্ভাব্য ৪ স্থানে কিছু ছোটখাট অবকাঠামোসহ মোট সামাজিকভাবে স্বীকৃত ২২ জন স্কোয়াটার্স PAPs আছে।

০৪। প্রকল্পের সম্ভাব্য ক্ষয়-ক্ষতি ও কাট অব ডেট (Cut off Date)

ডিপো নির্মাণ ব্যতীত ১৬টি স্টেশনসহ ২০ কিমি এলিভেটেড রেলওয়ে, ট্র্যাক দুইটি সাব-স্টেশন ও চারটি কনস্ট্রাকশন ইয়ার্ড নির্মাণ করা হবে। সমগ্র রেলওয়ে ট্র্যাক রাজউক, মিরপুর ক্যান্টনমেন্ট, সড়ক ও জনপথ অধিদপ্তর এবং সিটি কর্পোরেশনের বর্তমান সড়কের উপরে নির্মাণ করা হবে এবং সিঁড়ি ও এস্কেলেটরস রাস্তা ও ফুটপাথের উপর নির্মাণ করা হবে। কমলাপুর রেল স্টেশনের কাছে রিসিভিং সাব-স্টেশন নির্মাণ করা হবে। স্টেশনগুলোর প্রত্যেকটির দৈর্ঘ্য কম বেশি ১৮০ মিটার। নির্মাণের সময় প্রতিটি স্টেশনের জন্য প্রয়োজন হবে ২০০ মিটার (শুরুতে ১০ মিটার + ১৮০ মিটার স্টেশন + শেষে ১০ মিটার)। স্টেশনের দুপাশে ২০০ মিটার দৈর্ঘ্যের

মধ্যে সমগ্র ফুটপাথের উপর অবস্থানকৃত বসবাসকারী/ব্যবসায়ী এবং সাব-স্টেশন ও কনস্ট্রাকশন ইয়ার্ড নির্মাণে ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণকে PAPs হিসেবে বিবেচনা করা হয়েছে।

Cut off Date : প্রকল্পের জন্য চিহ্নিত এলাকার নির্দিষ্ট স্থানে ভিডিও চিত্রগ্রহণ তারিখ Cut off Date হিসেবে বিবেচনা করা হয়েছে। তবে, ভিডিও চিত্রগ্রহণ কালে অনুপস্থিত ক্ষতিগ্রস্তদের সার্ভে তারিখে (SES) উপস্থিতির ভিত্তিতে অর্ন্তভুক্ত করা হয়েছে। প্রকৃতপক্ষে, সার্ভে তারিখ Cut off Date হিসেবে সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

ক্ষতিগ্রস্ত সংখ্যার বিন্যাস

এলিভেটেড রেলপথ, ১৬টি স্টেশন, দুইট রিসিভিং সাব-স্টেশন এবং চারটি কনস্ট্রাকশন ইয়ার্ডে মোট ক্ষতিগ্রস্ত হবে ১১৪০ জন (৯টি সরকারি দপ্তর ও একটি CPR ব্যতীত)। ক্ষতিগ্রস্তের বিস্তারিত নিম্নরূপ-

ক্রমিক	স্টেশনের নাম	সিটি কর্পোরেশন	PAPs সংখ্যা		মোট
			পুরুষ	মহিলা	
১	উত্তরা নর্থ	ঢাকা উত্তর	১	০	১
২	উত্তরা সেন্টার	ঢাকা উত্তর	০	০	০
৩	উত্তরা দক্ষিণ	ঢাকা উত্তর	০	০	০
৪	পল্লবী	ঢাকা উত্তর	৩৭	১	৩৮
৫	মিরপুর-১১	ঢাকা উত্তর	১৭৩	০	১৭৩
৬	মিরপুর-১০	ঢাকা উত্তর	২২১	৩	২২৪
৭	কাজীপাড়া	ঢাকা উত্তর	৯	০	৯
৮	শেওড়াপাড়া	ঢাকা উত্তর	১৩২	০	১৩২
৯	আগারগাঁও	ঢাকা উত্তর	২৫	২	২৭
১০	বিজয় সরণি	ঢাকা উত্তর	৭	১	৮
১১	ফার্মগেট	ঢাকা উত্তর	১২৪	৩	১২৭
১২	কাওরান বাজার	ঢাকা উত্তর	০	০	০
১৩	শাহবাগ	ঢাকা দক্ষিণ	১০	০	১০
১৪	ঢাকা বিশ্ববিদ্যালয়	ঢাকা দক্ষিণ	২৩	৩	২৬
১৫	প্রেস ক্লাব	ঢাকা দক্ষিণ	৬৩	১	৬৪
১৬	মতিঝিল	ঢাকা দক্ষিণ	১৯৯	৫	২০৪
	১৬টি স্টেশন এলাকায়	মোট	১০২৪	১৯	১০৪৩
	রেল Viaduct-এ মোট		৬৮	৭	৭৫
	রিসিভিং সাব-স্টেশন		০	০	০
	কনস্ট্রাকশন ইয়ার্ডে মোট		১৯	৩	২২
		সর্বমোট	১১১১	২৯	১১৪০

০৫। RAP এর লক্ষ্য ও উদ্দেশ্য

এই RAP জাতীয় আইনী কাঠামো ও জাইকা নির্দেশিকার উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে। প্রকল্পের ক্ষতিগ্রস্তদের আর্থ-সামাজিক জরিপের তথ্যের ভিত্তিতে, বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে মিটিং করে, RAC টীমের সহযোগিতায় তৃণমূল পর্যায়ে মানুষের সাথে ফোকাস গ্রুপ আলোচনা এবং মতামতের ভিত্তিতে এই পুনর্বাসন কর্মপরিকল্পনা (RAP) তৈরি করা হয়েছে। এই কর্মপরিকল্পনার উদ্দেশ্য- প্রকল্পের কারণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিকর প্রভাব কমানো এবং সমাধান করা। নির্দিষ্ট করে এই RAP এর উদ্দেশ্য:

- প্রকল্পে ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও জনসংখ্যার আর্থ-সামাজিক ও জনসংখ্যাগত প্রোফাইল প্রণয়ন;
- ভূমি, স্থাপনা, গাছপালা, ব্যবসা, কর্মসংস্থানসহ বা অধিগ্রহণকৃত (যদি থাকে) জমির ওপর সকল সম্পদের ওপর ক্ষতির প্রভাব মূল্যায়ন;
- ক্ষতির বিপরীতে ক্ষতিগ্রস্তদের সুবিধা, এনটাইটেলমেন্ট এবং সহায়তার রূপরেখা প্রণয়ন;
- ক্ষতির ধরণ অনুসারে ক্ষতিপূরণের পুনর্বাসন বাজেট প্রণয়ন;
- RAP বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক ব্যবস্থা; এবং
- বাস্তবায়ন ও পর্যবেক্ষণ, পরিকল্পনা এবং পদ্ধতির উন্নয়ন।

০৬। ক্ষয়ক্ষতি নিরসনে গৃহীত পদক্ষেপসমূহ

যদিও এমআরটি লাইন-৬ এলিভেটেড রেললাইন বিদ্যমান সড়কের উপরে নির্মাণ করা হবে, তবুও কিছু স্থানে কিছু কিছু লোক তাদের অস্থায়ী বাড়িঘর অথবা ব্যবসা বা বাড়িঘর এবং ব্যবসা উভয় থেকে স্থানান্তরিত হবে। এই ধরণের অনৈচ্ছিক স্থানান্তর অধিকাংশ ক্ষেত্রে স্বল্প ও দীর্ঘমেয়াদি উভয় ধরনের দুর্ভোগ সৃষ্টি করে, যতক্ষণ না তারা পরিকল্পিত পুনর্বাসন অ্যাকশন প্ল্যান (র‌্যাপ) বাস্তবায়নের দ্বারা সুরক্ষিত হয়। উপরোক্ত সকল সমস্যার নেতিবাচক সামাজিক ও অর্থনৈতিক প্রভাব বিবেচনা করে ডিপো এরিয়া ও মূল প্রকল্পের জন্য দুইটি বিস্তারিত পুনর্বাসন অ্যাকশন প্ল্যান (র‌্যাপ-১ ও র‌্যাপ-২) করা হয়েছে যাতে উচ্ছেদের কারণে ক্ষতিগ্রস্ত পরিবার/ব্যক্তি প্রকল্প বাস্তবায়নের সময়ে ও বাস্তবায়নের পরে তাদের অর্থনৈতিক ও সামাজিক মান/অবস্থা অন্তত প্রাক প্রকল্প সময়ের পর্যায়ে বজায় রাখতে পারে।

০৭। পুনর্বাসন কর্ম-পরিকল্পনা-II (Resettlement Action Plan-II অথবা RAP-II)

এই প্রকল্পের এলিভেটেট রেললাইন, ১৬টি স্টেশন, রিসিভিং সাব-স্টেশন এবং কনস্ট্রাকশন ইয়ার্ড নির্মাণে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানের জন্য প্রকল্প কর্তৃপক্ষ

Resettlement Assistance Consultant (RAC) CCDB এর সহায়তায় জেনারেল কনস্যালট্যান্ট NKDM ও DMTC-র পরামর্শক্রমে পুনর্বাসন কর্ম-পরিকল্পনা (Resettlement Action Plan-II বা RAP-II) প্রণয়ন করেছে। জাইকার সম্মতিতে DMTC বোর্ড কর্তৃক উক্ত RAP-II অনুমোদিত হয়েছে। এই পুনর্বাসন কর্ম পরিকল্পনায় ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের জন্য সুনির্দিষ্ট দিক নির্দেশনা রয়েছে।

০৮। সহায়তাকারী সংস্থাসমূহ

পুনর্বাসন কাজে সহায়তা প্রদানের জন্য কর্তৃপক্ষ Resettlement Assistance Consultant (RAC) হিসেবে একটি বেসরকারি প্রতিষ্ঠান সিসিডিবি (ক্রিশ্চিয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ) কে নিয়োগ দিয়েছে। উক্ত প্রতিষ্ঠান জানুয়ারী/২০১৫ হতে কার্যক্রম পরিচালনা করছে। এছাড়া পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নে সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানসমূহ প্রয়োজন অনুযায়ী সহযোগিতা প্রদান করবে। ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানীর জেনারেল কনসালট্যান্ট NKDM Association MRT Line-6 বাস্তবায়নে সর্বাত্মক সহায়তা প্রদান করছে। NKDM Safeguard ইউনিটের কনসালট্যান্টগন ডিএমটিসি ও আরএসি কে পরামর্শ প্রদান করে থাকে।

০৯। ক্ষতিপূরণ পাবার যোগ্যতা/শর্ত

প্রকল্পের ক্ষতিগ্রস্ত ব্যক্তি (PAPs): প্রকল্পের কারণে যারা তাদের জমি (মালিকানাসহ/মালিকানা ব্যতীত), অবকাঠামো, শস্য, গাছপালা এবং জমির সাথে সংযুক্ত অন্যান্য বিষয় যেমন ব্যবসা, আয় কর্মসংস্থান ইত্যাদি হারাবেন তারা ক্ষতিপূরণ পাবার যোগ্য হবেন। ক্ষতিপূরণ এবং সহায়তা গ্রহণের যোগ্যতা কাট অব ডেট দ্বারা সীমাবদ্ধ/নির্দিষ্ট করা হবে। এই প্রক্রিয়ার মাধ্যমে প্রকল্পের RoW তে চিহ্নিত কোন পরিবার বা ব্যক্তি প্রকল্প থেকে সহায়তা পাওয়ার যোগ্য হবে। কাট অব ডেটের পরে ক্ষতিগ্রস্ত এলাকায় যারা স্থায়ী হবে/অবকাঠামো নির্মাণ করবে তারা ক্ষতিপূরণের যোগ্য হবে না।

এই এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্স প্রকল্পের ক্ষতিগ্রস্ত ব্যক্তি/পরিবারের জরিপ এবং প্রকল্প বাস্তবায়নের জন্য ক্ষতিগ্রস্ত ব্যক্তি/পরিবারের যে সকল অবকাঠামো চিহ্নিত করা হয়েছে তার ভিত্তিতে তৈরি করা হয়েছে। প্রকল্প হতে RAC এর সাহায্যে PAPs-দের পুনর্বাসন সুবিধা দেয়া হবে। ক্ষতিগ্রস্ত সম্পদের মালিক/মালিকেরা Entitled Persons (EPs) হিসেবে বিবেচিত হবেন। সমস্ত ক্ষেত্রেই, SES ও ভিডিও চিত্রগ্রহণ চলাকালীন সময়ে চিহ্নিত এলাকার মধ্যে পাওয়া ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণকে PAPs হিসেবে বিবেচনা করা হয়েছে।

১০। ক্ষতিগ্রস্তদের জন্য ক্ষতিপূরণ সহায়তা

সরকারি আইন/বিধি ও জাইকার Safeguard Policy-র সাথে সঙ্গতিপূর্ণ র‍্যাপ এর আলোকে এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্স অনুযায়ী ক্ষতিপূরণ অনুদান ও অন্যান্য সহায়তা প্রদান করা হবে। এই RAP, RoW, ১৬টি স্টেশন, দুইটি রিসিভিং সাব-স্টেশন এবং কন্সট্রাকশন ইয়ার্ডের PAPs দের নিয়ে। পুনর্বাসন পরিকল্পনা-২ (RAP-II) অনুসারে ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ সহায়তা প্রদান করা হবে। পুস্তিকার এই অংশে পুনর্বাসন কর্ম পরিকল্পনা-২ (RAP-II) এর নীতিমালায় বর্ণিত ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের সুবিধাদি সম্পর্কে বলা হয়েছে।

PAP-দের ক্ষতিপূরণ ও অনুদান সহায়তা প্রাপ্তির ছক (এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্স) নিম্নরূপ:

ক্ষতিগ্রস্ত ব্যক্তি/প্রাপ্যযোগ্য ব্যক্তি (গণ)	প্রাপ্যতাসমূহ	বাস্তবায়ন নির্দেশিকা	দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থা
ক্ষয়ক্ষতির ধরণ-১: কৃষি জমির ক্ষতিপূরণ			
জেলা প্রশাসক কর্তৃক চিহ্নিত আইনগত মালিক/ টাইটেল - হোল্ডার	• কৃষিজমির প্রতিস্থাপন মূল্য (RV) • স্ট্যাম্প ডিউটি, ভ্যাট ও ট্যাক্স এবং রেজিস্ট্রেশন খরচ ও অন্যান্য ডিউটি বাবদ উক্ত জমির বর্তমান বাজার মূল্য (CMV) এর ২০.৫%। • ক্ষতিগ্রস্ত ব্যক্তি জমি ক্রয় করেছেন কিনা সেটা বিবেচনা করা হবে না। এই রেট ভবিষ্যতে বৃদ্ধি বা হ্রাস হলে সরকারি হার প্রয়োগ হবে। • **ডিসলোকেশন ভাতা: ১৫০ টাকা /**	RAC কর্তৃক মূল্যায়নকৃত বর্তমান বাজার মূল্য (CMV) উপর ভিত্তি করে PVAC প্রতিস্থাপন মূল্যের (RV) সুপারিশ করবে এবং প্রতিস্থাপন মূল্য DMTCL দ্বারা অনুমোদিত হতে হবে। RAC বর্তমান বাজার মূল্য (CMV) মূল্যায়ন করবে ডিসি সিসিএল (আইন অনুযায়ী নগদ ক্ষতিপূরণ) প্রদান করবে। যদি প্রতিস্থাপন মূল্য (RV) সিসিএল থেকে বেশি হয় তাহলে ডিফারেনশিয়াল পরিমাণ অর্থ RAC-এর	RAC আইনগত মালিকদের তাদের মালিকানা সমর্থনে আইনি নথি সংগ্রহে সহায়তা করবে। RAC ডিসি অফিস থেকে তথ্য প্রাপ্তির উপর ভিত্তি করে মাঠ পর্যায়ে সহ-শরীক এবং মহিলাদের শেয়ার এবং

	শতাংশ এবং মোট টাকার পরিমাণ ৩০,০০০/-টাকা এর বেশী হবে না। • **শস্যের ক্ষতিপূরণ:** ভূমি অধিগ্রহণ বিধি অনুসারে ডিসি কর্তৃক নির্ধারিত হারে। কৃষি জমির উপর বিদ্যমান বর্তমান ফসল বিনামূল্যে নিয়ে যাবার অনুমতি পাবে।	সাহায্যে DMRTDP দ্বারা প্রদান করা হবে। চূড়ান্ত ক্ষতিপূরণ PVAC দ্বারা নির্ধারিত হবে।	তাদের ক্ষতি ও এনটাইটেলমেন্ট চিহ্নিত করবে।

বাস্তবায়নের ইস্যু:
ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে তার এনটাইটেলমেন্টসহ জমি অধিগ্রহণ ও ক্ষতিপূরণ প্রক্রিয়া, পুনর্বাসন প্যাকেজ এবং ক্ষতিপূরণ দেবার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত অবহিত করা হবে। RAC কর্তৃক মূল্যায়নকৃত বর্তমান বাজার মূল্য (CMV) এর উপর ভিত্তি করে PVAC প্রতিস্থাপন মূল্য (RV) সুপারিশ করবে। প্রতিটি ক্ষতিগ্রস্ত মৌজার এবং প্রত্যেক ধরনের ক্ষতিগ্রস্ত জমির বর্তমান বাজার মূল্য (CMV) আলাদাভাবে মূল্যায়ন করা হবে। ডিসি সরকারী আইন ও বিধি অনুযায়ী CCL নির্ধারণ করবে।

ক্ষয়ক্ষতির ধরণ-২: বসতভিটা, বাণিজ্যিক ভূমি ও কমন প্রপার্টির ক্ষতিপূরণ

ক্ষতিগ্রস্ত ব্যক্তি/প্রাপ্যযোগ্য ব্যক্তি (গণ)	প্রাপ্যতাসমূহ	বাস্তবায়ন নির্দেশিকা	দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/সংস্থা
জেলা প্রশাসক কর্তৃক চিহ্নিত আইনগত মালিক/টাইটেল - হোল্ডার	• জমির প্রতিস্থাপন মূল্য (RV) • স্ট্যাম্প ডিউটি, ভ্যাট ও ট্যাক্স এবং রেজিস্ট্রেশন খরচ ও অন্যান্য ডিউটি বাবদ উক্ত জমির বর্তমান বাজার মূল্য (CMV) এর ২০.৫%। • ক্ষতিগ্রস্ত ব্যক্তি জমি ক্রয় করেছেন কিনা	RAC কর্তৃক মূল্যায়নকৃত বর্তমান বাজার মূল্য (CMV) উপর ভিত্তি করে PVAC প্রতিস্থাপন মূল্যের (RV) সুপারিশ করবে এবং RV, DMTCL দ্বারা অনুমোদিত হতে হবে। RAC বর্তমান বাজার মূল্য (CMV) মূল্যায়ন করবে।	RAC আইনগত মালিকদের মালিকানা সমর্থনে আইনি নথি সংগ্রহে সহায়তা করবে। RAC ডিসি অফিস থেকে

	সেটা বিবেচনা করা হবে না। এই রেট ভবিষ্যতে বৃদ্ধি বা হ্রাস হলে সরকারি হার প্রয়োগ হবে। • ডিসলোকেশন ভাতা: ১৫০ টাকা / শতাংশ এবং মোট টাকার পরিমাণ ৩০০০০/- এর বেশী হবে না। • উন্নয়ন ভাতা: জমির বর্তমান বাজার মূল্য (CMV) এর ২৫%। ক্ষতিগ্রস্ত ব্যক্তি জমি ক্রয় করেছেন কিনা সেটা বিবেচনায় আনা হবে না।	ডিসি সিসিএল (আইন অনুযায়ী নগদ ক্ষতিপূরণ) প্রদান করবে। যদি প্রতিস্থাপন মূল্য (RV) সিসিএল থেকে বেশি হয় তাহলে ডিফারেনশিয়াল পরিমাণ অর্থ RAC-এর সাহায্যে DMRTDP দ্বারা প্রদান করা হবে। চূড়ান্ত ক্ষতিপূরণ PVAC দ্বারা নির্ধারিত হবে।	তথ্য প্রাপ্তির উপর ভিত্তি করে মাঠ পর্যায়ে সহ-শরীক এবং মহিলাদের শেয়ার এবং তাদের তি ও এনটাইটেলমেন্ট চিহ্নিত করবে।

বাস্তবায়নের ইস্যু:
ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে তার এনটাইটেলমেন্টসহ জমি অধিগ্রহণ ও ক্ষতিপূরণ প্রক্রিয়া, পুনর্বাসন প্যাকেজ এবং ক্ষতিপূরণ দেবার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত অবহিত করা হবে। RAC কর্তৃক মূল্যায়নকৃত বর্তমান বাজার মূল্য (CMV) উপর ভিত্তি করে PVAC প্রতিস্থাপন মূল্য (RV) সুপারিশ করবে। প্রতিটি ক্ষতিগ্রস্ত মৌজার এবং প্রত্যেক ধরনের ক্ষতিগ্রস্ত জমির বর্তমান বাজার মূল্য (CMV) আলাদাভাবে মূল্যায়ন করা হবে। ডিসি সরকারী আইন ও বিধি অনুযায়ী CCL নির্ধারণ করবে।

ক্ষয়ক্ষতির ধরণ-৩: জলাশয়ের ক্ষতিপূরণ (আবাদি এবং অনবাদি উভয় ধরনের পুকুর)

জেলা প্রশাসক কর্তৃক চিহ্নিত আইনগত মালিক/ টাইটেল – হোল্ডার	• জলাশয়ের প্রতিস্থাপন মূল্য (RV) • স্ট্যাম্প ডিউটি, ভ্যাট ও ট্যাক্স এবং রেজিস্ট্রেশন খরচ ও অন্যান্য ডিউটি বাবদ উক্ত জমির বর্তমান বাজার মূল্য (CMV) এর ২০.৫%। • ক্ষতিগ্রস্ত ব্যক্তি জমি	RAC কর্তৃক মূল্যায়নকৃত বর্তমান বাজার মূল্যের (CMV) এর উপর ভিত্তি করে PVAC প্রতিস্থাপন মূল্য (RV) সুপারিশ করবে এবং প্রতিস্থাপন মূল্য (RV) DMTCL দ্বারা অনুমোদিত হতে হবে। ডিসি সিসিএল (আইন	RAC আইনগত মালিকদের তাদের মালিকানা সমর্থনে আইনি নথি সংগ্রহে সহায়তা করবে।

	ক্রয় করেছেন কিনা সেটা বিবেচনা করা হবে না। এই রেট ভবিষ্যতে বৃদ্ধি বা হ্রাস হলে সরকারি হার প্রয়োগ হবে। • **ডিসলোকেশন ভাতা:** ১৫০ টাকা/শতাংশ এবং মোট টাকার পরিমাণ ৩০০০০/- এর বেশী হবে না। • এক বছর মাছ চাষের জন্য ক্ষতিপূরণ হিসাবে বর্তমান বাজার মূল্য (CMV)এর ১০%। • দখল গ্রহণের আগে মাছ চাষিকে বিনামূল্যে সকল মাছ ধরে নিতে অনুমতি দেওয়া হবে।	(আইন অনুযায়ী নগদ ক্ষতিপূরণ) প্রদান করবে। যদি প্রতিস্থাপন মূল্য (RV) সিসিএল থেকে বেশি হয় তাহলে উভয় মূল্যের পার্থক্য পরিমাণ অর্থ RAC-এর সাহায্যে DMRTDP দ্বারা প্রদান করা হবে।	RAC ডিসি অফিস থেকে তথ্য প্রাপ্তির উপর ভিত্তি করে মাঠ পর্যায়ে অংশীদার এবং মহিলাদের শেয়ার এবং তাদের তি ও এনটাইটেলমেন্ট চিহ্নিত করবে।

বাস্তবায়নের ইস্যুঃ
ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে তার এনটাইটেলমেন্টসহ জমি অধিগ্রহণ ও ক্ষতিপূরণ প্রক্রিয়া, পুনর্বাসন প্যাকেজ এবং ক্ষতিপূরণ দেবার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত অবহিত করা হবে।
RAC কর্তৃক মূল্যায়নকৃত বর্তমান বাজার মূল্য (CMV) এর উপর ভিত্তি করে PVAC প্রতিস্থাপন মূল্য (RV) সুপারিশ করবে। প্রতিটি ক্ষতিগ্রস্ত মৌজার এবং প্রত্যেক ধরনের ক্ষতিগ্রস্ত জমির বর্তমান বাজার মূল্য (CMV) আলাদাভাবে মূল্যায়ন করা হবে।
ডিসি সরকারী আইন ও বিধি অনুযায়ী CCL নির্ধারণ করবে।

ক্ষয়ক্ষতির ধরণ-৪ ক: মালিকানাভূক্ত জমির ওপর বর্তমান ক্ষতিগ্রস্ত সকল ধরনের অবকাঠামোর ক্ষতিপূরণ

জেলা প্রশাসক কর্তৃক চিহ্নিত আইনগত মালিক/ টাইটেল - হোল্ডার	• অবকাঠামোর প্রতিস্থাপন মূল্য (RV) • অবকাঠামো স্থানান্তর অনুদান (STG): ক্ষতিগ্রস্ত অবকাঠামোর বর্তমান বাজার মূল্যের ১২.৫%। • অবকাঠামো পুনঃনির্মাণ অনুদান (SRG): ক্ষতিগ্রস্ত অবকাঠামোর বর্তমান বাজার মূল্যের ১২.৫%। • উপযোগ সেবার ক্ষতিপূরণ (URG) যেমন-বিদ্যুৎ সংযোগ, পানি সরবরাহ লাইন, টেলিফোন লাইন ইত্যাদি: ক্ষতিগ্রস্ত অবকাঠামোর বর্তমান বাজার মূল্যের ৫% অনুদান। যারা/যাদের প্রাইমারি বা সম্পূর্ণ অবকাঠামো ক্ষতিগ্রস্ত হবে তাদের সকলের জন্য এই অনুদান প্রযোজ্য হবে। সেকেন্ডারি/গৌণ কাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে এমন কেউ এই অনুদান পাওয়ার যোগ্য হবে না। • অবকাঠামো Displacement-এর অনুদান (SDG): ক্ষতিগ্রস্ত অবকাঠামোর মালিকগণকে DMRTDP এর ঘোষিত তারিখের মধ্যে সব উদ্ধারযোগ্য মালামাল বিনামূল্যে নিয়ে যাবার অনুমতি দেওয়া হবে।	RAC কর্তৃক মূল্যায়নকৃত বর্তমান বাজার মূল্য (CMV) উপর ভিত্তি করে PVAC প্রতিস্থাপন মূল্য (RV) সুপারিশ করবে এবং RV DMTCL দ্বারা অনুমোদিত হতে হবে। ডিসি সিসিএল (আইন অনুযায়ী নগদ ক্ষতিপূরণ) প্রদান করবে। যদি প্রতিস্থাপন মূল্য (RV) সিসিএল থেকে বেশি হয় তাহলে ডিফারেনশিয়াল পরিমাণ অর্থ RAC-এর সাহায্যে DMRTDP দ্বারা প্রদান করা হবে।	স্থানান্তরে এবং পুনর্গঠনে সহায়তা।

বাস্তবায়নের ইস্যুঃ
ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে তার এনটাইটেলমেন্টসহ জমি অধিগ্রহণ ও ক্ষতিপূরণ প্রক্রিয়া, পুনর্বাসন প্যাকেজ এবং ক্ষতিপূরণ দেবার পদ্ধতি সম্পর্কে বিস্তারিত অবহিত করা হবে।
RAC কর্তৃক মূল্যায়নকৃত বর্তমান বাজার মূল্য (CMV) এর উপর ভিত্তি করে PVAC প্রতিস্থাপন মূল্য (RV) সুপারিশ করবে। ডিসি সরকারী আইন ও বিধি অনুযায়ী CCL নির্ধারণ করবে।
কনস্ট্রাকশন কাজের চাহিদা অনুসারে ক্ষতিগ্রস্তগণ তাদের অবকাঠামো যথাসময়ে সরিয়ে নিবেন এবং সম্ভবক্ষেত্রে অবকাঠামো সরানোর আগেই ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান করা হবে।
ক্ষতিপূরণ প্রাপ্তির পর EP-দের সম্পূর্ণ অবকাঠামো অপসারণের জন্য সর্বোচ্চ এক মাসের অনুমতি দেওয়া হবে।

ক্ষয়ক্ষতির ধরণ-৪ খ: মালিকানাবিহীন জমির ওপর বর্তমান ক্ষতিগ্রস্ত সকল ধরনের অবকাঠামোর ক্ষতিপূরণ			
RAC দ্বারা SES মাধ্যমে চিহ্নিত এবং JVC দ্বারা যাচাইকৃত মালিক	• অবকাঠামোর প্রতিস্থাপন মূল্য (RV) • অবকাঠামো স্থানান্তর অনুদান (STG): ক্ষতিগ্রস্ত অবকাঠামোর বর্তমান বাজার মূল্যের ১২.৫%। • অবকাঠামো পুনঃনির্মাণ অনুদান (SRG): ক্ষতিগ্রস্ত অবকাঠামোর বর্তমান বাজার মূল্যের ১২.৫%। • উপযোগ সেবার ক্ষতিপূরণ (URG) যেমন-বিদ্যুৎ সংযোগ, পানি সরবরাহ লাইন, টেলিফোন লাইন ইত্যাদি: ক্ষতিগ্রস্ত অবকাঠামোর চলতি বাজার মূল্যের ৫% অনুদান। যারা/যাদের প্রাইমারি বা সম্পূর্ণ অবকাঠামো ক্ষতিগ্রস্ত হবে তাদের সকলের জন্য এই অনুদান প্রযোজ্য হবে। সেকেন্ডারি/গৌণ কাঠামো ক্ষতিগ্রস্ত হয়েছে এমন কেউ এই অনুদান পাওয়ার যোগ্য হবে না। • অবকাঠামো ধ্বংসের অনুদান (SDG): ক্ষতিগ্রস্ত অবকাঠামোর মালিকগণকে	অবকাঠামোর বর্তমান বাজার মূল্য (CMV) PWD দ্বারা মূল্যায়ন করা হবে। প্রতিস্থাপন মূল্য (RV), অবকাঠামোর বর্তমান বাজার মূল্য (CMV) এর উপর ভিত্তি করে PVAC দ্বারা সুপারিশ করা হবে। EM এ উল্লেখিত অন্যান্য প্রকল্প সহায়তা জেলা প্রশাসক দ্বারা গৃহীত পদ্ধতি অনুসারে অধিগ্রহণ ও স্থাবর সম্পত্তি অধিগ্রহণ অধ্যাদেশ, ১৯৮২ এবং সংশোধনীর উপর ভিত্তি করে গ্রহণ করা হবে। প্রতিস্থাপন মূল্য (RV), DMTCL কর্তৃক অনুমোদিত হতে হবে।	স্থানান্তরে এবং পুনর্গঠনে সহায়তা।

	DMRTDP ঘোষিত তারিখের মধ্যে সব উদ্ধারযোগ্য মালমাল বিনামূল্যে নিয়ে যাবার অনুমতি দেওয়া হবে।		

বাস্তবায়নের ইস্যু:

RAC যৌথ জরিপের মাধ্যেমে ক্ষতিগ্রস্ত অবকাঠামোর পরিমান ও ধরণ চিহ্নিত করবে যা JVC কর্তৃক যাছাইকৃত হবে। PWD এর মূল্যায়নের ভিত্তিতে PVAC প্রতিস্থাপন মূল্য (RV) সুপারিশ করবে এবং প্রতিস্থাপন মূল্য (RV) DMTCL কর্তৃক অনুমোদিত হতে হবে।

PWD এর সহায়তায় PVAC কাঁচা মাল, শ্রম, অন্যন্য উপকরণ এবং ভূমি উন্নয়ন খরচ (যদি থাকে) ইত্যাদির বিবেচনায় অবকাঠামোর বর্তমান বাজার মূল্য (CMV) সুপারিশ করবে। PVAC দ্বারা সুপারিশকৃত CMV অবশ্যই DMRTDP কর্তৃক অনুমোদিত হতে হবে। কনস্ট্রাকশন কাজের চাহিদা অনুসারে ক্ষতিগ্রস্তগণ তাদের অবকাঠামো যথাসময়ে সরিয়ে নিবেন এবং অবকাঠামো সরানোর আগেই ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদান করা হবে।

ক্ষতিপূরণ প্রাপ্তির পর EPদের সম্পূর্ণ অবকাঠামো অপসারণের জন্য এক মাসের সময় দেওয়া হবে।

ক্ষয়ক্ষতির ধরণ-৪ গ: সরকারী জমিতে অননুমোদিত অস্থায়ী ক্ষুদ্র স্থানান্তরযোগ্য অবকাঠামোর ক্ষতিপূরণ			
SES মাধ্যমে RAC দ্বারা চিহ্নিত অবকাঠামোর মালিক	• ভৌত ক্ষতি, স্থানান্তর এবং পুনঃপ্রতিষ্ঠার খরচের জন্য এককালীন অনুদান- অননুমোদিত,অস্থায়ী ক্ষুদ্র স্থানান্তরযোগ্য অবকাঠামোর মালিক প্রত্যেকে (অধ্যায় ৩.৩ এ উল্লিখিত টিন এবং অন্যান্য উপকরণে তৈরি) ৭০০০/- টাকা; অননুমোদিত, অস্থায়ী ক্ষুদ্র স্থানান্তরযোগ্য অবকাঠামোর মালিক প্রত্যেকে (অধ্যায় ৩.৩	RAC সহায়তায় DMRTDP সরাসরি EP-দের সহায়তা প্রদান করবে।	স্থানান্তরে এবং পুনর্গঠনে সহায়তা।

	এ উল্লিখিত কাঠ এবং অন্যান্য উপকরণে তৈরি) ৫০০০/- টাকা; উপরে উল্লিখিত দুই ধরনের অবকাঠামো ব্যতীত (অধ্যায় ৩.৩ এ উল্লিখিত) অননুমোদিত অস্থায়ী ক্ষুদ্র স্থানান্তরযোগ্য অবকাঠামোর মালিক প্রত্যেকে ৩০০০/- টাকা। • অবকাঠামোর মালিকগণকে DMRTDP ঘোষিত তারিখের মধ্যে সব উদ্ধারযোগ্য উপকরণ বিনামূল্যে নিয়ে যাবার অনুমতি দেওয়া হবে।		

বাস্তবায়নের ইস্যুঃ
অবকাঠামোর ধরন চিহ্নিত করবে RAC। RAC দ্বারা প্রস্তুতকৃত তালিকা DMRTDP অনুমোদন করবে।
কনস্ট্রাকশন কাজের চাহিদা অনুসারে ক্ষতিগ্রস্তগণ অবকাঠামো সরিয়ে নিবেন এবং অবকাঠামো সরানোর আগেই ক্ষতিপূরণ প্রদান করা হবে।
এই প্রকল্পটি একটি অনন্য প্রকৃতির যা শহর এলাকায় সিসিডিবি বাস্তবায়িত করছে। ক্ষতিগ্রস্ত অবকাঠামোর সংখ্যা এবং ধরন অনেক। ক্ষতিগ্রস্ত ব্যক্তি, স্থানীয় প্রতিবেশী এবং সম্ভাব্য উত্তরদাতাদের সঙ্গে পরামর্শের মাধ্যমে ক্ষতিপূরণের হার নির্ধারণ করা হয়েছে।

ক্ষয়ক্ষতির ধরণ-৫কঃ ব্যাক্তিমালিকানা ভূমিতে গাছের ক্ষতিপূরণ

জেলা প্রশাসক কর্তৃক চিহ্নিত আইনগত মালিক / টাইটেল - হোল্ডার	• শ্রেণী/ধরনের ভিত্তিতে ক্ষতিপূরণ হিসেবে CCL পাবেন। • মালিকগণ প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে গাছ বিনামূল্যে কেটে নিতে পারবেন।	ডিসি বনবিভাগের সহায়তায় গাছের CCL মূল্য নির্ধারণ করবে। কনস্ট্রাকশন কাজের প্রয়োজনীতা অনুসারে পুনর্বাসন পরিকল্পনার সাথে ক্ষতিপূরণ প্রদান করা হবে।	ডিসি আইনগত মালিকদের CCL দিবেন।

বাস্তবায়নের ইস্যুঃ
বিভিন্ন ধরনের গাছ ও ফলের বর্তমান বাজার মূল্য (CMV) নির্ধারনে বন/উদ্যানতত্ত্ব বিভাগে প্রাপ্ত হার বিবেচনা করে করা হবে।
ডিসি বন/উদ্যানতত্ত্ব বিভাগের সহযোগিতায় গাছ ও ফলের বর্তমান বাজার মূল্য চূড়ান্ত করবে এবং ৫০% বর্ধিত করে CCL তৈরি করবেন।

ক্ষয়ক্ষতির ধরণ-৫খঃ সরকারি ভূমিতে গাছের ক্ষতিপূরণ

RAC কর্তৃক চিহ্নিত এবং JVC কর্তৃক যাচাইকৃত আইনগত মালিক/ টাইটেল - হোল্ডার	• শ্রেণীর ভিত্তিতে বর্তমান বাজার মূল্যে (CMV) নগদ ক্ষতিপূরণ • মালিকগণ প্রকল্প কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে গাছ বিনামূল্যে কেটে নিতে পারবেন।	বনবিভাগ গাছের বর্তমান বাজার মূল্য (CMV) নির্ধারণ করবে। PVAC বন বিভাগের মূল্যয়নের ভিত্তিতে প্রতিস্থাপন মূল্য (RV) সুপারিশ করবে। RV যদি CMV থেকে বেশী হয় তাহলে RV ও CMV-র মধ্যে পার্থক্য মূল্য DMTC দ্বারা প্রদান করা হবে। কনস্ট্রাকশন কাজের প্রয়োজনীতা অনুসারে পুনর্বাসন পরিকল্পনার ভিত্তিতে ক্ষতিপূরণ প্রদান করা হবে।	RAC এর সহায়তায় DMTC ক্ষতিপূরণ দিবে। ঠিকাদার তার নিজের খরচে গাছ কাটবেন।

বাস্তবায়নের ইস্যুঃ
RAC ক্ষতিগ্রস্ত গাছের তালিকা প্রস্তুত করবে এবং তা নমুনার ভিত্তিতে JVC দ্বারা যাচাই করা হবে।
গাছের বর্তমান বাজার মূল্য (CMV) নির্ধারনে বন/উদ্যানতত্ত্ব বিভাগের বিভিন্ন প্রজাতির/ফলের জন্য নির্ধারিত নমুনার হার বিবেচনা করে করা হবে।
PVAC গাছের প্রতিস্থাপন মূল্য (RV) সুপারিশ করবে এবং DMTC দ্বারা অনুমোদিত হবে।

ক্ষয়ক্ষতির ধরণ-৬: বন্ধক জমি / পুকুরের ক্ষতিপূরণ			
আইনি কাগজপত্রসহ ইজারাদার অথবা SES দ্বারা চিহ্নিত এবং JVC দ্বারা যাচাইকৃত মালিক	• ক্ষতিপূরণ হিসাবে এক বছরের শস্য / মাছ স্টকের চলতি বাজার মূল্য (CMV) • স্থানান্তর খরচ হিসেবে প্রকৃত চাষীকে RAC এর সহায়তায় DMRTDP কর্তৃক অধিগ্রহণকৃত পুকুর/জমির চলতি বাজার মূল্য (CMV) এর ১০%। • ইজারাদার শস্য/ মাছ স্টক DMRTDP দ্বারা ঘোষিত তারিখের মধ্যে বিনামূল্যে নিতে পারবেন।	গতানুগতিক প্রজাস্বত্ব চুক্তি এর ভিত্তিতে এবং সামাজিকভাবে স্বীকৃত মৌখিক চুক্তির ভিত্তিতে ইজারাদার নিম্নলিখিত ক্ষতিপূরণ পাবে। চলতি বাজার মূল্য (CMV) PVAC দ্বারা সুপারিশকৃত হতে হবে। DMRTDP, RAC এর সাহায্যে CMV এবং স্থানান্তর অনুদান ইজারাদারকে দিবে।	ইজারাদারের সব যোগ্য প্রাপ্যতা পেতে RAC সহায়তা করবে। RAC ইজারাদার ও মালিকের মধ্যে ইজারার টাকা রিফান্ডে মধ্যস্থতা করবে।

বাস্তবায়নের ইস্যু:
RAC ফসল / মাছ চাষে জড়িত ব্যক্তি চিহ্নিত করবে এবং JVC তা যাচাই করবে। পুকুর/জমির স্বার্থ নিয়ে যেকোন বিবাদ GRC এর মাধ্যমে সমাধান করা হবে। সমাধানের পর RAC উপযুক্ত ব্যক্তিদের ক্ষতিপূরণ পেতে সহায়তা করবে।

ক্ষয়ক্ষতির ধরণ-৭: ফুটপাথ ও সরকারি জমির উপর অবস্থিত ব্যবসার ক্ষতিপূরণ			
RAC কর্তৃক SES এর মাধ্যমে চিহ্নিত RoW এর মধ্যে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ব্যবসার মালিক/কারিগর	ব্যবসা পুনঃপরিচালনার জন্য ব্যবসা পুন:র্নিমাণ অনুদান (BRG): ক) PAPs যাদের আয়সীমা মাসে ২০,০০০/- বা তার বেশী তাদের এককালীন BRG হিসেবে ১৫,০০০ টাকা / মাস x ৩ মাস = ৪৫,০০০/ - টাকা	DMRTDP, RAC এর সাহায্যে EP-দের প্রাপ্যতা দিবে। মাসিক আয় RAC দ্বারা প্রাক্কলন করা হবে এবং JVC নমুনা ভিত্তিতে এটি যাচাই করবে।	RAC এর সহায়তায় দুঃস্থ ইপিদের স্ব-ক্ষেত্রে আয় বৃদ্ধিমূলক কর্মসূচিতে যুক্ত করা হবে।

	খ) PAPs যাদের আয়সীমা মাসে ২০,০০০/- এর কম তাদের এককালীন BRG হিসেবে ১০,০০০ টাকা / মাস x ৩ মাস = ৩০,০০০/ - টাকা দেওয়া হবে।		

বাস্তবায়নের ইস্যু:
SES এর মাধ্যমে ব্যবসার উপর ভিত্তি করে প্রাপ্যতা চিহ্নিত করা হবে।
BRG এবং অন্যান্য সুবিধা দিতে RAC, DMRTDP কে সহায়তা করবে।
SES এর সময়ে RAC আয়ের তথ্য সংগৃহীত করে। এই আয়ের তথ্য ব্যবসা পরিচালনা থেকে থেকে সংগৃহীত আয়ের। এই তথ্যের ভিত্তিতে দুই শ্রেণীর BRG (ক) ও (খ) নির্ধারণ করা হয়।

ক্ষয়ক্ষতির ধরণ-৮: ক্ষতিগ্রস্ত ব্যবসার চাকুরিজীবী/শ্রমিকদের ক্ষতিপূরণ			
চাকুরিজীবী / নিয়মিত মজুরি উপার্জনকারী ব্যক্তি প্রকল্পের কারণে স্থানচ্যুত হিসাবে SES এর মাধ্যমে শনাক্ত এবং JVC দ্বারা যাচাইকৃত	• চাকুরি/মজুরী হারানোর অনুদান (ELG): • সাময়িক ক্ষতি পোষাণোর জন্যে নিয়মিত মজুরি উপার্জনকারী প্রতিজন অদক্ষ শ্রমিকদের জন্য @ টাকা ৩০০ x ৯০ দিন = ২৭০০০/- টাকা • সাময়িক ক্ষতি পোষাণোর জন্যে নিয়মিত মজুরি উপার্জনকারী প্রতিজন দক্ষ শ্রমিকদের জন্য @ টাকা ৫০০ x ৯০ দিন=৪৫০০০/- টাকা।	EP অবশ্যই ক্ষতিগ্রস্ত ব্যবসার একজন শ্রমিক/চাকুরিজীবী হবে। পুনর্বাসন সুবিধাসমূহ RAC এর সাহায্যে DMRTDP কর্তৃক প্রদান করা হবে। দক্ষ বা অদক্ষ শ্রমিক RAC দ্বারা নির্ধারিত হবে এবং JVC দ্বারা যাচাইকৃত হবে।	দুঃস্থ/অসহায় EP দের আয় ও জীবিকার কর্মসূচির আওতায় আনা হবে (কোন অসহায় EPs এই জন্য নির্বাচিত হয়নি)। উপযুক্ত হলে DMRTDP কর্তৃক ক্ষতিগ্রস্তদের নির্মাণ কাজে সম্পৃক্ততা বিবেচনা করা হবে। বৃক্ষরোপণে EP দের সম্পৃক্ত করা হবে।

বাস্তবায়নের ইস্যুঃ
মজুরি উপার্জনকারী/কর্মচারীদের ক্ষতিপূরণের যোগ্যতা SES এর সময় RAC চিহ্নিত করবে এবং JVC দ্বারা যাচাই করা করা হবে। অতিরিক্ত দাবি এবং ক্ষোভ, যদি থাকে, তা অভিযোগ নিরসন কমিটির (GRC) দ্বারা নিস্পত্তি করা হবে।

ক্ষয়ক্ষতির ধরণ-৯ঃ মালিকানা বা মালিকানাবিহীন আবাসিক/বাণিজ্যিক ভাড়াকৃত অবকাঠামোর ক্ষতিপূরণ

SES এর মাধ্যমে চিহ্নিত এবং JVC কর্তৃক যাচাইকৃত ভাড়াকৃত অবকাঠামোর আইনগত মালিক / টাইটেল - হোল্ডার	• ক্ষতিপূরণের মোট পরিমাণ হবে ৬ মাসের ভাড়ার সমতুল্য @ টাকা ২০/প্রতি বর্গফুট আবাসিক অবকাঠামোর জন্য এবং @ টাকা ২৫/ বর্গফুট বানিজ্যিক অবকাঠামোর জন্য অন্তর্বর্তীকালীন সময়ের জন্য ভাড়া ভাতা হিসেবে পাবেন। • অভ্যন্তরীণ মালামাল সরানোর জন্য ভাড়াটিয়া ১০ টাকা /প্রতি বর্গফুট হারে পাবেন।	ভাতাসমূহ RAC-এর সাহায্যে DMRTDP দ্বারা প্রদান করা হবে। যদি ভাড়াটিয়া কর্তৃক কোন অগ্রিম জমা দেয়া থাকে, না-দাবীর চুক্তি অথবা মালিক ও ভাড়াটিয়ার মধ্যে বকেয়া স্থিতি, চুক্তি/প্রাসঙ্গিক প্রমাণ পুনর্বাসন সহায়তা প্রদানের সময় উভয় পক্ষের পেশ করতে হবে।	EPMY RAC থেকে প্রয়োজনীয় সহায়তা পাবেন।

বাস্তবায়নের ইস্যুঃ
RAC আবাসিক ও বাণিজ্যিক অবকাঠামোর মালিক এবং ভাড়াটিয়া চিহ্নিত করবে এবং JVC যাচাই করবে।

ক্ষয়ক্ষতির ধরণ-১০ঃ নলকূপ, টয়লেট, পুকুরের ঘাট, সীমানা প্রাচীর এবং অন্যান্য ক্ষুদ্র/গৌণ অবকাঠামো ক্ষতিপূরণ

জেলা প্রশাসক কর্তৃক চিহ্নিত আইনগত মালিক / টাইটেল - হোল্ডার RoW তে তৈরিকৃত অবকাঠামোর সামাজিকভাবে স্বীকৃত মালিক SES মাধ্যমে RAC দ্বারা চিহ্নিত এবং JVC দ্বারা যাচাইকৃত।	• অবকাঠামোর প্রতিস্থাপন মূল্য (RV) • অবকাঠামো স্থানান্তর অনুদান (STG): ক্ষতিগ্রস্ত অবকাঠামোর বর্তমান বাজার মূল্যের ১২.৫%। • অবকাঠামো পুনঃনির্মাণ অনুদান (SRG)ঃ ক্ষতিগ্রস্ত অবকাঠামোর বর্তমান বাজার মূল্যের ১২.৫%। • ক্ষতিগ্রস্ত অবকাঠামোর মালিকগণকে DMRTDP ঘোষিত তারিখের মধ্যে সব উদ্ধারযোগ্য উপকরণ বিনামূল্যে নিয়ে যাবার অনুমতি দেওয়া হবে।	DC অবকাঠামোর CCL প্রদান করবে। সামাজিকভাবে স্বীকৃত অবকাঠামোর মালিকদের ক্ষেত্রে প্রতিস্থাপন মূল্য (RV) RAC দ্বারা বর্তমান বাজার মূল্য (CMV) মূল্যায়নের ভিত্তিতে PVAC কর্তৃক নির্ধারণ করা হবে। RV, DMTC দ্বারা অনুমোদিত হতে হবে। DMRTDP RAC এর মাধ্যমে সহায়তায় বাজার জরিপের মাধ্যমে RV এবং CCL এর পার্থক্য পরিমান অর্থ দিবে।	RAC পুনর্বাসন সহায়তা পাওয়ার জন্য EP দের সহায়তা করবে।

বাস্তবায়নের ইস্যুঃ
CCL ডিসি অফিস হতে প্রদান করা হবে, DMRTDP RAC সহায়তায় RV এবং CCL এর পার্থক্য পরিমান অর্থ প্রদান করবে। ক্ষতিগ্রস্ত অবকাঠামোর মালিকগণকে DMRTDP ঘোষিত তারিখের মধ্যে সব উদ্ধারযোগ্য উপকরণ বিনামূল্যে নিয়ে যাবার অনুমতি দেওয়া হবে।
RV, DMTC দ্বারা অনুমোদিত হবে এবং RAC এর সাহায্যে ইপিদের দেওয়া হবে।

ক্ষয়ক্ষতির ধরণ-১১: গৃহস্থালী এবং বাণিজ্যিক উপাদান স্থানান্তরের ক্ষতিপূরণ			
CCL দেবার প্রক্রিয়াতে জেলা প্রশাসক কর্তৃক চিহ্নিত আইনগত মালিক / টাইটেল - হোল্ডার SES এর মাধ্যমে চিহ্নিত মালিক এবং JVC দ্বারা যাচাইকৃত।	বাসভবন অথবা ব্যবসার মালিকদের এবং উন্মুক্ত স্থানে/ফুটপাথে ব্যবসায়ীদের জিনিসপত্র/মালামাল স্থানান্তর অনুদান হিসেবে ১০ টাকা প্রতিবর্গফুট হারে ক্ষতিগ্রস্ত অবকাঠামো/এলাকার জন্য অনুদান দেয়া হবে।	DMRTDP, RAC সাহায্যে নিয়ে ক্ষতিপূরণ প্রদান করবে।	RAC DMRTDP সহায়তা করবে।
বাস্তবায়নের ইস্যু: এই এনটাইটেলমেন্ট/প্রাপ্যতা RAC এর সাহায্যে DMRTDP দ্বারা EP-দের প্রদান করা হবে।			

ক্ষয়ক্ষতির ধরণ-১২: অসহায়/দুঃস্থ PAPs দের ক্ষতিপূরণ			
অসহায়/দুঃস্থ EPs (মাসিক পারিবারিক আয় ১০০০০ টাকা =)	• অনুদান: হত দরিদ্র পুরুষ এবং মহিলা PAPs যথাক্রমে টাকা ১০০০০/- এবং ১৫০০০/- পাবেন। • অসহায়/দুঃস্থ পরিবারের একজন দক্ষতা প্রশিক্ষণ অনুদান হিসেবে প্রশিক্ষণকালের জন্য ৬০০০ টাকার বেশী পাবেন না। • প্রশিক্ষণে অংশগ্রহণ না করলে কোন PAPs দক্ষতা প্রশিক্ষণ অনুদান পাবেন না।	RAC SES এর ভিত্তিতে EP-দের চিহ্নিত করবে। RAC সাহায্যে DMRTDP কর্তৃক চিহ্নিত EP দের প্রাপত্যা দেয়া হবে। RAC এর সহায়তায় প্রশিক্ষণের খরচ DMRTDP বহন করবে।	উপযুক্ত দক্ষতা প্রশিক্ষণের জন্য RAC EP-দের অনুপ্রাণিত করবে। প্রশিক্ষণের জন্য RAC প্রাসঙ্গিক PAPs এর সাথে যোগাযোগ করবে।
বাস্তবায়নের ইস্যু: ব্যবসা, কর্মসংস্থান ও জীবিকা ইত্যাদি থেকে আয় হারানো অসহায় পরিবার RAC দ্বারা মূল্যায়ন করা হবে। চিহ্নিত অসহায়/দুঃস্থ EP-দের দক্ষতা প্রশিক্ষণ কর্মসূচির আওতায় আনা হবে এবং ভাতাসমূহ এই অনুদান প্যাকেজের আওতায় প্রদান করা হবে।			

ক্ষয়ক্ষতির ধরণ-১৩: কমন/কমিউনিটি প্রপার্টির ক্ষতিপূরণ			
সম্প্রদায়/সংগঠন দ্বারা মনোনীত ব্যক্তি	• অবকাঠামোর প্রতিস্থাপন মূল্য (RV) PWD সহায়তায় PVAC দ্বারা নির্ধারিত এবং DMRTDP কর্তৃক অনুমোদিত হবে। • অবকাঠামো স্থানান্তর অনুদান (STG): ক্ষতিগ্রস্ত অবকাঠামোর বর্তমান বাজার মূল্যের ১২.৫%। • অবকাঠামো পুনঃনির্মাণ অনুদান (SRG): ক্ষতিগ্রস্ত অবকাঠামোর বর্তমান বাজার মূল্যের ১২.৫%। • উপযোগ সেবার ক্ষতিপূরণ (URG) যেমন- বিদ্যুৎ সংযোগ, পানি সরবরাহ লাইন, টেলিফোন লাইন ইত্যাদি: ক্ষতিগ্রস্ত অবকাঠামোর চলতি বাজার দর (CMV) এর ৫%। • তুলনামূলক উন্নত পুনঃনির্মাণ অনুদান: ক্ষতিগ্রস্ত অবকাঠামোর বর্তমান বাজার মূল্যের (CMV) ২৫%। • অবকাঠামো ধ্বংসের অনুদান (SDG): ক্ষতিগ্রস্ত অবকাঠামোর মালিকগণকে DMRTDP ঘোষিত তারিখের মধ্যে সব উদ্ধারযোগ্য উপকরণ বিনামূল্যে নিয়ে যাবার অনুমতি দেওয়া হবে।	প্রতিস্থাপন মূল্য (RV) এবং অন্যান্য সুবিধাসমূহ PVAC দ্বারা সুপারিশকৃত হবে এবং DMRTDP কতৃক অনুমোদিত হতে হবে।	RAC কমন/কমিউনিটি সম্পত্তি পুনরায় প্রতিষ্ঠার জন্য নতুন লোকেশন খুঁজে পেতে সাহায্য করবে প্রয়োজনে, DMTC কমিউনিটি ও অন্যান্য স্টেকহোল্ডারদের সাহায্যে উপযুক্ত জমি পেতে সাহায্য করবে

	• ক্ষতিগ্রস্ত অবকাঠামোর তুলনায় একটি ভালো মানের নতুন CPR DMRTDP দ্বারা নির্মাণ করে দেয়া হবে।		

বাস্তবায়নের ইস্যুঃ
যদি কমিউনিটি প্রপার্টি সরকারি ভূমিতে স্থাপিত হয় তাহলে DMTC RAC এবং অন্যান্য স্টেকহোল্ডারের সাহায্যে সমস্যাটির সমাধান করবে।
সব ধরনের ক্ষতিপূরণ নির্ধারণের কার্যপদ্ধতি ব্যক্তি মালিকের এনটাইটেলমেন্ট ও ক্ষতিপূরনের অনুরূপ হতে হবে।
পূর্ণ ক্ষতিপূরণ প্রাপ্তির পর EP অবকাঠামো সরানোর জন্য একমাসের সময় পাবেন।
DMTC দ্বারা নতুন CPR নতুন স্থানে প্রতিষ্ঠা করা হবে।

ক্ষয়ক্ষতির ধরণ-১৪: অপ্রত্যাশিত/অজানা বিষয়ের ক্ষতিপূরণ			
প্রকল্প বাস্তবায়নের সময় আবাসিক/ বাণিজ্যিক অবকাঠামো/ ব্যক্তি/প্রতিষ্ঠান কোনো অপ্রত্যাশিত ক্ষতির মুখোমুখি হলে	DMTC সিদ্ধান্ত অনুযায়ী এনটাইটেলমেন্ট/প্রাপ্যতা নির্ধারিত হবে	অপ্রত্যাশিত ক্ষতি DMTC এর নির্দেশে RAC দ্বারা বিশেষ জরিপের মাধ্যমে চিহ্নিত করা হবে। DMTC, GRC এর সিদ্ধান্তের উপর ভিত্তি করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এনটাইটেলমেন্ট DMRTDP দ্বারা অনুমোদিত হতে হবে। RAC এর সাহায্যে DMRTDP দ্বারা ক্ষতিপূরণ প্রদান করা হবে।	ক্ষতিগ্রস্ত ব্যক্তি / প্রতিষ্ঠান RAC এর নিকট আবেদন করবে RAC এই সমস্যা সমাধানে জন্য সংশ্লিষ্ট ব্যক্তি /প্রতিষ্ঠানকে সহায়তা করবে।

বাস্তবায়নের ইস্যুঃ
অপ্রত্যাশিত ক্ষতির বিষয় গুরুত্বের সঙ্গে চিহ্নিত ও বিবেচনা করা হবে।

১১। পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন পদ্ধতি

□ ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ (PAPs)

প্রকল্পের ক্ষতিগ্রস্ত ব্যক্তি হলেন তাঁরা, যিনি বা যারা প্রকল্পের কারণে

ক) যাদের জমি, বাড়ি/অবকাঠামো আংশিক বা পূর্ণভাবে ক্ষতিগ্রস্ত
খ) কোন ব্যক্তির কৃষিজমি বা গাছ, ফসল, মাছের পুকুর, অন্যান্য উৎপাদনশীল সম্পদ পুরোপুরি বা আংশিকভাবে প্রকল্প দ্বারা ক্ষতিগ্রস্ত হয়; এবং
(গ) ব্যবসায়ী নিযুক্ত কর্মচারীদের আয় ক্ষতিগ্রস্ত।

□ ইপি (EP)

ক্ষতিপূরণ প্রদাণে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের (PAPs) মধ্যে যাঁরা প্রকল্প হতে ক্ষতিপূরণ পাওয়ার যোগ্য তারাই হলেন প্রাপ্য ব্যক্তি (EP)। পরিচয়পত্র প্রাপ্ত ব্যক্তিকে প্রাপ্যযোগ্য ব্যক্তি বা Entitled Person (EP) হিসেবে বিবেচনা করা হবে। পরিচয়পত্র পাওয়ার জন্য ইপিকে তাঁর প্রয়োজনীয় প্রমাণপত্র (যা তাকে ক্ষতিগ্রস্ত সম্পদ/সম্পত্তির মালিক হিসেবে প্রমাণ করবে) দাখিল করতে হবে। ক্ষতিপূরণ সহায়তার জন্য যোগ্য পরিবার বা ব্যক্তি বা সংস্থার পক্ষে আইনানুগ বা সমাজ স্বীকৃত অনুমোদিত ব্যক্তিকে যথাযথ পক্রিয়ায় শনাক্ত করে ছবিসহ পরিচয় পত্র প্রদান করা হবে। ক্ষতিপূরণ সংশ্লিষ্ট যেকোন সহায়তার জন্য এই পরিচয়পত্র বাধ্যতামূলক।

□ ইপি (EP) ফাইল

উক্ত পরিচয়পত্রের ভিত্তিতে সংশ্লিষ্ট ব্যক্তির সমুদয় ক্ষয়ক্ষতির হিসাব একটি খতিয়ানভূক্ত করা হবে। এই খতিয়ানকে প্রাপ্যযোগ্য ব্যক্তি খতিয়ান (Entitlement File/EP File) বা ইপি ফাইল বলা হবে।

□ ইসি (EC)

উক্ত খতিয়ানস্থিত সকল ক্ষয়ক্ষতির বিপরীতে পুনর্বাসন নীতিমালা অনুযায়ী প্রাপ্য নির্ধারণ করে একটি প্রাপ্য নথি Entitlement Card (EC) বা ইসি প্রনয়ণ করা হবে।

□ ক্ষতিগ্রস্তদের শনাক্তকরণ পদ্ধতি

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট কর্তৃপক্ষ কর্তৃক ক্ষতিগ্রস্তদের শনাক্ত করার জন্যে নিম্নে বর্ণিত পদ্ধতি অনুসরণ করা হয়েছে-

RAC কর্তৃক আর্থ-সামাজিক জরিপের দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তি ও তাঁদের প্রাপ্যতা

ক্ষয়ক্ষতির পরিমাণ নির্ধারণ করা হয়েছে এবং JVC কর্তৃক তা যাচাই করা হয়েছে। জরিপের তথ্যের আলোকে কম্পিউটার প্রোগ্রামের মাধ্যমে ইপি ও ইসি তৈরি করা হবে। সকল প্রাপ্যতা নির্ধারণে পুনর্বাসন নীতিমালা অনুসারে প্রাপ্যতা বিবেচনা করা হবে। এ বিষয়ে Resettlement Assistance Consultant, CCDB ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট কর্তৃপক্ষকে সহায়তা করছে।

❑ প্রাপ্যযোগ্য ব্যক্তি (ইপি)/EP কে পুনর্বাসন সহায়তা প্রদান প্রক্রিয়া

- প্রত্যেক EP এর একটি ইউনিক আইডি নম্বর সৃষ্টি করা হবে। আইডি কার্ড প্রস্তুত করতে ক্ষতিগ্রস্ত ব্যক্তির ছবি স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর দ্বারা প্রত্যয়নকৃত অথবা গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত হতে হবে। আইডিকার্ড প্রকল্প কর্তৃপক্ষ এবং RAC এর প্রতিনিধি দ্বারা স্বাক্ষরিত হবে।
- RAC ক্ষতিপূরণ প্রদানের জন্যে স্বীকৃত ইপির ক্ষেত্রে প্রত্যেক ইপির জন্য ইপি ও ইসি ফাইল তৈরি করবে।
- ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট কর্তৃপক্ষ থেকে পুনর্বাসন সহায়তার নগদ অর্থ গ্রহণের জন্য প্রত্যেক ইপি-কে তফসীলী ব্যাংকের যে কোন শাখায় একটি সঞ্চয়ী হিসাব খুলতে হবে বা হিসাব থাকতে হবে। হিসাব খোলার প্রক্রিয়ায় RAC প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।
- প্রস্তুতকৃত ইপি ও ইসি ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট কর্তৃপক্ষ পরীক্ষা করে প্রাক্কলিত ক্ষতিপূরণ/অনুদান ইপিদেরকে RAC-এর সহায়তায় পরিশোধের ব্যবস্থা করবে।
- ক্ষতিপূরণ/অনুদানের টাকার একাউন্ট চেক গ্রহণের জন্য স্থানের বিষয়টি EP-দেরকে অবহিত করা হবে।

১২। পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নে প্রাতিষ্ঠানিক ব্যবস্থা

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট অফিসে পুনর্বাসন কাজ বাস্তবায়নের জন্য পুনর্বাসন ইউনিট রয়েছে। এই ইউনিট প্রকল্পের পুনর্বাসন কর্ম পরিকল্পনা বাস্তবায়ন করবে। এ কাজে সিসিডিবি সহায়তা প্রদান করবে। ডিএমটিসিএল ও প্রকল্পের জেনারেল কনসালট্যান্ট এনকেডিএম সিসিডিবি-র কার্যক্রম তত্ত্বাবধান করবে। External Monitoring Agency (EMA) হিসেবে নিয়োগপ্রাপ্ত সংস্থা Knowledge Management Consultant (KMC) পুনর্বাসন পদ্ধতি বিষয়ে মতামত প্রদান করবে। Development Partner JICA এ সংক্রান্ত কাজ মনিটরিং করবে।

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট অফিসের ঠিকানা।

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট
প্রবাসী কল্যান ভবন, লেভেল-১৪
৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
ফোন: ০২-৫৫১৩৮৬৫২

❑ পুনর্বাসন কর্ম পরিচালনা ও বাস্তবায়নে সহায়তাকারী সংস্থা (RAC)

- প্রকল্পের পুনর্বাসন পরিকল্পনা বাস্তবায়নে ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট কর্তৃপক্ষ কর্তৃক রিসেটেলমেন্ট এসিস্ট্যান্স কনসালট্যান্ট (RAC) হিসেবে Christian Commission For Development in Bangladesh (CCDB) কে নিয়োগ দেওয়া হয়েছে। তাঁরা পুনর্বাসন বিষয়ে নীতিমালা ও সহায়তা সম্পর্কে ক্ষতিগ্রস্তদের অবহিত করবে এবং তাঁদেরকে ক্ষতিপূরণ গ্রহণে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।
- রিসেটেলমেন্ট এসিস্ট্যান্স কনসালট্যান্ট (RAC) ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট ও ক্ষতিগ্রস্তদের মধ্যে যোগাযোগ ও সহযোগিতার মাধ্যম হিসেবে কাজ করবে।
- রিসেটেলমেন্ট এসিস্ট্যান্স কনসালট্যান্ট (RAC)- কর্তৃক এর ইপিদের ছবিসহ পরিচয়পত্র প্রদান ও তাঁদের পুনর্বাসন অনুদান পরিশোধ ও অন্যান্য সুযোগ সুবিধা প্রদানে ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট কর্তৃপক্ষকে সহায়তা করবে।
- রিসেটেলমেন্ট এসিস্ট্যান্স কনসালট্যান্ট (RAC) মাঠপর্যায়ে অফিস স্থাপন করেছে। ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণ তাদের পুনর্বাসন সংশ্লিষ্ট প্রয়োজনে রিসেটেলমেন্ট এসিস্ট্যান্স কনসালট্যান্ট (RAC) এর মাঠপর্যায়ের অফিসে যোগাযোগ করতে পারবে।

ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়নে রিসেটেলমেন্ট এসিস্ট্যান্স কনসালট্যান্ট (RAC) এর প্রধান কার্যালয় অফিস ও মাঠ অফিসের ঠিকানা:

প্রধান কার্যালয়	মাঠ পর্যায়ে অফিস
টিম লিডার রিসেটেলমেন্ট এসিস্ট্যান্স কনসালট্যান্ট (RAC), সিসিডিবি ৮৮ সেনপাড়া মিরপুর-১০, ঢাকা। ফোন: ০২-৯০২০১৭০-৩	এরিয়া ম্যানেজার রিসেটেলমেন্ট এসিস্ট্যান্স কনসালট্যান্ট (RAC), সিসিডিবি ১২৬/১-বি, ৬ষ্ঠ তলা, সেনপাড়া, মিরপুর-১০ ঢাকা-১২১৬। ফোন: ০১৭১৭৮৬১৭৪০।

❑ যৌথ তদন্ত কমিটি (JVC)

JVC এর কাজ এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্সে উল্লিখিত RAC দ্বারা সংগৃহীত বিভিন্ন ধরনের ক্ষতির তথ্য যাচাই করা। JVC, RAC দ্বারা মূল্যায়িত SES তথ্যের ১০-২০% নমুনা ভিত্তিতে যাচাই করতে পারে। RAC JVC কে SESএর তথ্য প্রদান করবে।

JVC এর গঠন করা হবে নিম্নে বর্ণিত প্রতিনিধি সমন্বয়ে:

১) PD, DMRTDP/MD DMTC কর্তৃক মনোনীত নুন্যতম ম্যানেজার পর্যায়ের একজন প্রতিনিধি- আহবায়ক।
২) গণপূর্ত বিভাগের একজন প্রতিনিধি-সদস্য।
৩) PAPs থেকে একজন প্রতিনিধি-সদস্য।
৪) জেনারেল কনসালট্যান্ট (জিসি) এর একজন প্রতিনিধি-সদস্য।
৫) RAC এরিয়া ম্যানেজার-সদস্য সচিব।

কমিটির নির্দিষ্ট দায়িত্বাবলী

- ক্ষয়-ক্ষতির পরিমাণ নির্ধারণে জন্য JVC RAC দ্বারা সংগৃহীত SES-এর তথ্য যাচাই করবে। JVC, RAC দ্বারা মূল্যায়িত SES তথ্যের ১০-২০% নমুনা ভিত্তিতে যাচাই করতে পারবে;
- RAC দ্বারা মূল্যায়িত ক্ষতিগ্রস্ত স্থাবর অবকাঠামোর পরিমাণ JVC পর্যালোচনা ও যাচাই করবে;
- JVC এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্স উল্লিখিত অবকাঠামোর পরিমাণ নির্ধারণ করবে; এবং
- JVC RAP এর এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্স এবং ToR-এ উল্লেখিত নির্দেশিকা অনুসরণ করবে।

❑ সম্পদ মূল্যায়ণ যাচাই কমিটি (PVAC)

জাইকা নির্দেশিকা অনুযায়ী PAP-দের ক্ষতিগ্রস্ত সম্পদের ক্ষতিপূরণ প্রতিস্থাপন মূল্যে (RV) দিতে হবে। ডেপুটি কমিশনার (DC) কর্তৃক প্রদত্ত ক্ষতিপূরণ প্রায়ই প্রতিস্থাপন মূল্য (RV) হিসেবে অপর্যাপ্ত হয়ে থাকে। ক্ষতিপূরণের ক্ষেত্রে অবকাঠামো, ব্যবসা এবং অন্যান্য বিষয়ে পিডব্লিউডি (PWD) এর অনুমানও প্রতিস্থাপন মূল্যের ভিত্তিতে হয় না।

PVAC এর গঠন প্রণালী হবে নিম্নরূপ:

১) PD, DMRTDP/MD DMTC কর্তৃক মনোনীত ডিজিএম পর্যায়ের একজন প্রতিনিধি-আহবায়ক।
২) PWD/NHA বিভাগের একজন প্রতিনিধি-সদস্য।
৩) জেনারেল কনসালট্যান্ট (জিসি)-এর একজন প্রতিনিধি-সদস্য।
৪) RAC থেকে একজন প্রতিনিধি-সদস্য।
৫) ম্যানেজার, (E&R) ইউনিট, DMRTDP-সদস্য সচিব।

PVAC এর নির্দিষ্ট কার্যাবলী -

- এনটাইটেলমেন্ট ম্যাট্রিক্সে উল্লিখিত নির্দেশনা এবং ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ও পরবর্তী সংশোধনের উপর ভিত্তি করে PVAC জমি, অবকাঠামো এবং অন্যান্য সকল ক্ষতির প্রতিস্থাপন মূল্য (RV) সুপারিশ করবে।
- CCL, ডিসি অফিস, PWD/NHA কর্তৃক মূল্যায়িত CMV, JVC কর্তৃক নির্ধারিত পরিমাণ এবং RAC-এর তথ্য ব্যবহার করে এই কমিটি জমি, অবকাঠামো, কমন প্রপার্টি রিসোর্স এবং অন্যান্য ক্ষতির প্রতিস্থাপন মূল্য (RV) নির্ধারণ করবে।
- PVAC যেকোন তথ্য যাচাই করার প্রয়োজনে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করতে পারবে।
- PVAC এর সভায় কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে। দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা যাবে।

❑ অভিযোগ নিরসন কমিটি (জিআরসি)

পুনর্বাসন সুবিধা, স্থানান্তর এবং অন্যান্য অভিযোগ নিরসনের জন্য Grievance Redress Committee (GRC) গঠন করা হবে। GRC এর গঠন এবং কাজের পরিধির জন্য একটি প্রজ্ঞাপন জারী করা হবে। GRC নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হবে ।

১) DMTCL প্রতিনিধি-আহবায়ক।
২) পরিবেশ বিশেষজ্ঞ, জেনারেল কনসালট্যান্ট -সদস্য।
৩) পুরুষ PAPs এর একজন প্রতিনিধি -সদস্য (সংশ্লিষ্ট ওয়ার্ড থেকে)।
৪) মহিলা PAPs এর একজন প্রতিনিধি -সদস্য (সংশ্লিষ্ট ওয়ার্ড থেকে)।
৫) লিগ্যাল উপদেষ্টা, RAC- সদস্য।
৬) এরিয়া ম্যানেজার, RAC, সদস্য সচিব।

GRC পুনর্বাসন সুবিধা, ক্ষতিপূরণ এবং অন্যান্য সামাজিক ও পরিবেশগত বিষয় যা আদালতে আইনি মামলার অধীনে নয় তাঁর সমাধান করতে কর্তৃপক্ষের সঙ্গে সক্রিয়

থাকবে। এ কমিটি RAC এর মাধ্যমে সংক্ষুব্ধ ব্যক্তি থেকে অভিযোগ গ্রহণ করবে। RAC- এর সহায়তায় একটি নির্দিষ্ট ফরমাটে PAP গণ GRC- এর নিকট অভিযোগ দাখিল করবে। পরিবেশগত বিষয়ে ক্ষতিগ্রস্ত ব্যক্তিগণও RAC এর মাধ্যমে এ কমিটির নিকট অভিযোগ দায়ের করতে পারবে।

১৩। ক্ষতিগ্রস্ত অভিযোগকারীর অভিযোগ নিরসন পদ্ধতি

সংক্ষুব্ধ ব্যক্তি কোন ভয় ও ভীতি ছাড়া তাদের অভিযোগ দায়ের করতে পারবে। যদি প্রয়োজন হয় তবে, RAC অভিযোগনামার খসড়া তৈরিতে PAPs দেরকে সহায়তা করবে। সকল অভিযোগ আহবায়ক, GRC বরাবর লিখিতভাবে দাখিল করতে হবে। অভিযোগকারী নিজে বা তার নিয়োজিত প্রতিনিধি হিসেবে স্থানীয় প্রতিনিধি বা আইন উপদেষ্টা নিয়োগ করতে পারবে। GRC কর্তৃক প্রণীত রায় লিখিতভাবে সংশ্লিষ্ট PAPs কে জানানো হবে। PAPs যদি অসন্তুষ্ট হন তাহলে রায় পুনরায় পর্যালোচনার জন্য জিআরসি বরাবর রিভিউর আবেদন করতে পারবে। যদি PAPs পুরোপুরি প্রতিকার না পেয়ে থাকে তাহলে সে PD, DMRTDP/MD DMTC নিকট চূড়ান্ত সিদ্ধান্তের জন্য আপিল করতে পারবে। পিডি/এমডি প্রদত্ত সিদ্ধান্তই চূড়ান্ত হবে। GRC পরিচালনা পদ্ধতি নিয়মিত কমিউনিটি সভায় স্থানীয় ভাষায় (বাংলায়) জানানো হবে যাতে অচরা তাদের অধিকার ও দায়িত্ব এবং GRC পদ্ধতি সম্পর্কে জানতে পারে। GRC এর সকল কাগজপত্র রেকর্ডের এর জন্য RAC দ্বারা সংরক্ষণ করা হবে।

অভিযোগ নিষ্পত্তির ধাপ

ধাপ-১	বাস্তবায়নকারী সংস্থা RAC PAP-দেরকে ক্ষতি ও প্রাপ্যতা সম্পর্কে অবগত করবে। যদি প্রযোজ্য হয়, PAPs পুনর্বাসন সুবিধা দাবী করবে। যদি অসন্তুষ্ট হয়, তাহলে দ্বিতীয় ধাপে যেতে হবে।
ধাপ-২	PAPগণ RAC-এর মাঠ পর্যায়ের কর্মকর্তার নিকট হতে তার প্রাপ্য বিষয়ে বুঝে নিবে/জেনে নিবে। RAC, RAP নীতিমালা অনুযায়ী PAP-দের ক্ষয়-ক্ষতি ও এনটাইটেলমেন্ট সম্পর্কে ব্যাখা দিবে। যদি বিষয়টি সমাধান হয় তাহলে PAPs ক্ষতিপূরণের জন্য RAC এর নিকট আবেদন করবে। যদি সমাধান না হয় তাহলে ৩য় ধাপে যেতে হবে।
ধাপ-৩	PAPs জিআরসিতে আবেদন করবে। RAC কর্মীরা অভিযোগ প্রক্রিয়াকরণে সহায়তা করবে এবং অভিযোগ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে অভিযোগের শুনানির ব্যবস্থা করবে। কোন খরচ ব্যতীত RAC জিআরসির সিদ্ধান্তসমূহ লিখিতভাবে প্রস্তুত করবে। তারপর ৪র্থ ধাপে যেতে হবে।
ধাপ-৪	GRC এর দায়িত্ব আবেদন যাচাই বাছাই করা। যদি আবেদনের বিষয় GRC-এর কাজের ক্ষেত্র ও সীমার বাইরে হয় তাহলে PAP-দের যথাযথ কর্তৃপক্ষের কাছে আবেদন করতে পরামর্শ দিবে। যদি আবেদন GRC-এর কাজের সীমার মধ্যে হয় তাহলে ৫ম ধাপে যেতে হবে।
ধাপ-৫	GRC মামলার শুনানি সংক্ষুব্ধ PAPs এর উপস্থিতিতে (সম্ভব হলে) অনুষ্ঠিত হবে এবং শুনানির কার্যবিবরণী সংরক্ষণ করা হবে। যদি সমাধান হয় তাহলে সিদ্ধান্ত PAPs-কে জানাতে হবে। প্রকল্প পরিচালককে GRC সিদ্ধান্ত সম্পর্কে অবহিত করা হবে। যদি সমাধান না হয় তাহলে ৬ষ্ঠ ধাপে যেতে হবে।
ধাপ-৬	যদি PAPs কোন কারণে GRC'র সিদ্ধান্তে সন্তুষ্ট না হন, তাহলে তিনি GRC-এর সিদ্ধান্ত প্রদানের তারিখ থেকে ৭ দিনের মধ্যে GRC কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত পর্যালোচনার জন্য আবেদন করতে পারবেন। তারপর ৭ম ধাপে যেতে হবে।
ধাপ-৭	পর্যালোচনা পিটিশন প্রাপ্তির পর GRC আবেদন প্রাপ্তির ৭ দিনের মধ্যে রিভিউ করবে এবং সিদ্ধান্ত গ্রহণ করবে।
ধাপ-৮	যদি PAPs পর্যালোচনা আবেদনের সিদ্ধান্তে সংক্ষুব্ধ হন তাহলে তিনি প্রকল্প পরিচালক, DMRTDP বা এমডি, DMTC এর কাছে সিদ্ধান্ত প্রাপ্তির ৭ দিনের মধ্যে GRC'র সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল করতে পারবেন।
ধাপ-৯	প্রকল্প পরিচালক, DMRTDP বা এমডি, DMTC আপত্তি শোনার এবং আপীল প্রাপ্তির থেকে তিন সপ্তাহের মধ্যে সিদ্ধান্ত দিবেন।

অভিযোগ নিরসন কমিটির আহবায়কের ঠিকানা	অভিযোগ নিরসণ কমিটির সদস্য-সচিবের ঠিকানা
জেনারেল ম্যানেজার (প্রশাসন) ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪ ৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।	এরিয়া ম্যানেজার রিসেটেলমেন্ট এসিস্ট্যান্স কনসালট্যান্ট (RAC), সিসিডিবি ১২৬/১-বি, ৬ষ্ঠ তলা, সেনপাড়া, মিরপুর-১০ ঢাকা-১২১৬। ফোন: ০১৭১৭৮৬১৭৪০।

১৪। প্রাপ্যযোগ্য ক্ষতিগ্রস্তদের জন্য জ্ঞাতব্য

পুনর্বাসন সহায়তার জন্য ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে বা ব্যক্তির পক্ষে আইনানুগ বা সমাজ স্বীকৃত অনুমোদিত ব্যক্তিকে যথাযথ প্রক্রিয়ায় শনাক্ত করে ছবিসহ পরিচয়পত্র প্রদান করা হবে। পুনর্বাসন সংশ্লিষ্ট যেকোন সহায়তার জন্য এই পরিচয়পত্র বাধ্যতামূলক। পুনর্বাসন প্রক্রিয়ায় পরিচয়পত্র প্রাপ্ত ব্যক্তিদের প্রাপ্যযোগ্য ব্যক্তি (Entitled Person-EP) বা ইপি হিসেবে বিবেচনা করা হবে। প্রকল্প কর্তৃক অনুমোদিত গাইডলাইনের আলোকে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদেরকে প্রাপ্য ক্ষতিপুরণ প্রদান করা হবে।

বিঃদ্রঃ এই পুনর্বাসন পুস্তিকা ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের RoW, স্টেশন, রিসিভিং সাব-স্টেশন, কনস্ট্রাকশন ইয়ার্ড এলাকার ক্ষতিগ্রস্তদের জন্য প্রযোজ্য হবে। পুনর্বাসন কর্মপরিকল্পনার কোন বিষয়ে কোন অসঙ্গতি দেখা দিলে তা পুনর্বাসন পরিকল্পনার কর্ম কাঠামো (RAP) এর আলোকে বিবেচনা করতে হবে।

১৫। ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্টের জন্য প্রণীত আইন

মেট্রোরেল পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও নির্মাণের জন্য ইতোমধ্যে শতভাগ সরকারি মালিকাধীন ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) গঠন করা হয়েছে। মহান জাতীয় সংসদে ২৬ জানুয়ারি, ২০১৫ 'মেট্রোরেল বিল ২০১৫' পাশ হয়েছে। এই আইনের ২য় অধ্যায়ের ধারা ১১-তে বলা হয়েছে যে উক্ত অধ্যায়ের অধীন, প্রদত্ত কোন আদেশ বা গৃহীত কোন কার্যক্রমের বিরুদ্ধে কোন আদালত কোন মামলা বা দরখাস্ত গ্রহণ করবে না, বা গৃহীত বা গৃহীতব্য কোন কার্যক্রম সম্পর্কে কোন আদালত কোন প্রকার নিষেধাজ্ঞা জারি করতে পারবে না।

	Station Name
1	Uttara North
2	Uttara Center
3	Uttara South
4	Pallabi
5	Mirpur 11
6	Mirpur 10
7	Kazipara
8	Shewrapara
9	Agargaon
10	Bijoy Sarani
11	Farmgate
12	Karwan Bazar
13	Shahbag
14	Dhaka University
15	Press Club/Secretariat
16	Motijheel

Line 6 Alignment